বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট
৪ সোবহানবাগ , মিরপুর রোড, ঢাকা-১২০৭।

স্মারক নং: ৩৬.০৭.০০০০.০০৫.০৬.০০১.১৮ তারিখঃ ০১/০৭/২০২০

বিষয়ঃ বিগত ৩০-০৬-২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত বিআইএম-এর সমন্বয় সভার কার্যবিবরণী।

বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর সমন্বয়সভা গত **৩০-০৬-২০২০ খ্রি**: তারিখে সকাল ১১.০০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্ম ঝুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিআইএম-এর মহাপরিচালক তাহমিনা আখতার।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং শেখ সজিবুর রহমান, ব্যবস্থাপনা উপদেষ্টা-কে আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য আহবান জানান।গত ০৭-০১-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়ঃ

| ক্র. নং | আলোচ্যসূচী -১ | **বিগত ০৭-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **বাস্তবায়নকারি কর্মকর্তা** |
|---|---|---|---|
| ১.১ | আলোচনাঃ | **সাপ্লিমেন্টারি ডেটা প্লাটফরম সফটওয়ার প্রসঙ্গে।** সভায় জানানো হয় যে, পূর্বরতী সভার সিদ্ধান্ত মোতাবেক সাপ্লিমেন্টারি ডাটা প্লাটফরম বিষয়ক প্রশিক্ষণটি আয়োজন করা হয়েছে এবং প্রশিক্ষণ শেষ হওয়ার পর সফটওয়ারটির ব্যবহার করা হবে মর্মে জনাব আরিফুল ইসলাম সভাকে অবহিত করেন। | **জনাব এসএম আরিফুল ইসলাম, এসএমসি** |
| | সিদ্ধান্তঃ | সাপ্লিমেন্টারি ডাটা প্লাটফরম সফটওয়ার দ্রুত ব্যবহারের জন্য জনাব আরিফুল ইসলাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | |
| ২ | আলোচ্য সূচী-১.১ | **নথি বিনষ্টি করণের তালিকা প্রস্তুত প্রসঙ্গে।** | |
| | আলোচনাঃ | নথি বিনষ্টিকরণের বিষয়টি চলমান আছে মর্মে সভায় জানানো হয়। | **জনাব নির্ঝর মজুমদার এমসি** |
| | সিদ্ধান্তঃ | নথির শ্রেণি বিন্যাস করে বিধি মোতাবেক নথি বিনষ্ট করার প্রক্রিয়া চলমান রাখতে হবে। | |
| ৩ | আলোচ্য সূচী-১.২ | **বিষয়ঃবঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন।** | |
| | আলোচনাঃ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ ধানমন্ডি-৩২ নম্বরে এবং ২৮ মার্চ ২০২০ টুঙ্গিপাড়া গোপালগঞ্জে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিআইএম-এর কর্মকর্তা-করমচারী শ্রদ্ধা নিবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।করনা পরিস্থিতির কারনে কর্মসূচী বাস্তবায়ন করা সম্ভব হয়নি।পরবর্তিতে পরিস্থিতি স্বাভাবিক হলে কর্মসুচী বাস্তবায়ন করা যেতে পারে। | **পরিচালক (প্রশাসন), বিআইএম** |
| | সিদ্ধান্তঃ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে করনা পরিস্থিতি স্বাভাবিক হলে নতুন কর্মসূচী আয়োজন করা হবে। | |
| | আলোচ্য সূচী -১.৩ | বিষয়ঃ বঙ্গবন্ধু কর্নার স্থাপন। | |
| | আলোচনাঃ | বঙ্গবন্ধু কর্নার স্থাপন কমিটির আহ্বায়ক জনাব আখুন্দ আহম্মদ শামসুল আলম এসএমসি জানান যে বিআইএম লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্নার স্থাপনের লক্ষ্যে বই নির্ধারিত হয়েছে এবং কর্নারে বই সজ্জিত করণের জন্য ডিজাইন মোতাবেক অবকাঠামো নির্মাণের পূর্বে ক্রয়কৃত বই আপাতত পুরাতন শেল্ফে সংরক্ষণ করা যেতে পারে মর্মেও তিনি অভিমত ব্যক্ত করেন। | **জনাব আখুন্দ আহম্মদ শামসুল-আলম এসএমসি** |
| | সিদ্ধান্তঃ | সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে বই সংগ্রহ পূর্বক অন্যান্য প্রস্তুতি সম্পন্ন করে পরিকল্পনা মোতাবেক লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্নার করতে হবে। | |
| | আলোচ্য সূচী -১.৪ | বিষয়ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মুর্‍্যাল স্থাপন। | |
| | আলোচনাঃ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মুর্‍্যাল স্থাপন কমিটির আহ্বায়ক জনাব মেহবুব হাসান কল্লোল এসএমসি জানান যে,মুরাল স্থাপন কার্যক্রমের পরিবর্তে অসহায় ও গরিবদের জন্য ঘর তৈরি করার জন্য মন্ত্রণালয়ের অতিঃসচিব(প্রশাসন) এর সভাপতিতে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।মন্ত্রনালয়ের সর্বশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম দ্রুত গৃহনির্মাণ বাস্তবায়ন করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। | **জনাব মেহবুব হাসান কল্লোল এসএমসি** |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্তঃ | মন্ত্রনালয়ের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী দ্রুততম সময়ে [illegible] অসহায় ও গরীবদের জন্য ২টি গৃহ নির্মান ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| আলোচ্য সূচী -১.৫ | বিষয়ঃ বঙ্গবন্ধুর জীবন দর্শন সংক্রান্ত সেমিনার। | |
| আলোচনাঃ | বঙ্গবন্ধুর জীবন দর্শন সংক্রান্ত সেমিনার কমিটির সদস্য-সচিব জনাব মামুন মুজতবা উল্লেখ করেন যে "উন্নয়নে বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক সেমিনার আয়োজনের জন্য বাজেট প্রণয়ন করা হয়েছে এবং আলোচকদের সাথেও এই বিষয়ে যোগাযোগ করা হয়েছে।করনা পরবর্তি সময়ে এটা বাস্তবায়নের বাকি কাজ সম্পন্ন করা হবে। | **জনাব ড.উত্তম কুমার দত্ত এসএমসি** |
| সিদ্ধান্তঃ | বঙ্গবন্ধুর জীবন দর্শন সংক্রান্ত সেমিনার আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে যাতে করনা পরিস্থিতির উন্নতি হলে দ্রুত সময়ে সেমিনার আয়োজন করা সম্ভব হয়। | |
| আলোচ্য সূচী -১.৬ | বিষয়ঃ সকল প্রশিক্ষণ কোর্সে বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক সেশন অন্তর্ভুক্তকরণ। | |
| আলোচনাঃ | প্রশিক্ষণ কোর্সে বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক সেশন অন্তর্ভুক্তকরণের জন্য কোর্স পরিচালক ও সমন্বয়কদের সাথে আলোচনা করে পরিকল্পনা গ্রহন এবং করনা পরবর্তী সময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। | **জনাব মাহবুব উল আলম এসএমসি** |
| সিদ্ধান্তঃ | আগামী মার্চ ২০২১ পর্যন্ত মুজিব বর্ষ,তাই করনা পরবর্তি সময়ে বিভিন্ন প্রশিক্ষণে বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক সেশন অন্তর্ভুক্ত করতে হবে। | |
| আলোচ্য সূচী -১.৭ | বিষয়ঃ বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক রচনা প্রতিযোগিতা। | |
| আলোচনাঃ | জনাব আখুন্দ আহম্মদ শামসুল আলম এসএমসি উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক রচনা প্রতিযোগিতা আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখে বিআইএম-এর কর্মকর্তা-কর্মমচারিগণের সন্তানদের মধ্যে আয়োজন করা যেতে পারে। | **জনাব মাহবুব উল আলম এসএমসি** |
| সিদ্ধান্তঃ | বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক রচনা প্রতিযোগিতা আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখে বা করনা পরবর্তী সময়ে বিআইএম-এর কর্মকর্তা-কর্মমচারিগণের সন্তানদের মধ্যে আয়োজন করা হবে। | |
| আলোচ্য সূচী -১.৮ | বিষয়ঃ বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক কুইজ প্রতিযোগিতা | |
| আলোচনাঃ | জনাব মেহবুব হাসান কল্লোল সদস্য সচিব,ডিপ্লোমা কোর্স উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক কুইজ প্রতিযোগিতা বিআইএম-এর ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে করনা মহামারির পরে ক্লাস শুরু হলে আয়োজন করা যেতে পারে। | **জনাব মেহবুব হাসান কল্লোল সদস্য সচিব,ডিপ্লোমা কোর্স** |
| সিদ্ধান্তঃ | বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক কুইজ প্রতিযোগিতা ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে করনা মহামারির পরে ক্লাস শুরু হলে আয়োজন করা হবে। | |
| আলোচ্য সূচী -১.৯ | বিষয়ঃ বঙ্গবন্ধুর উক্তি সম্বলিত ব্যানার ও ফেস্টুনের মাধ্যমে বিআইএম সজ্জিতকরণ। | |
| আলোচনাঃ | জনাব নির্ঝর মজুমদার এমসি উপস্থাপন করেন যে গত ১৭ মার্চ ২০২০ এর আগেই বিআইএম ঢাকা,চট্রগ্রাম ও খুলনা কেন্দ্রে বঙ্গবন্ধুর উক্তি সম্বলিত ব্যানার ও ফেস্টুনের মাধ্যমে সজ্জিতকরন করা হয়েছে। | **জনাব আশরাফুল আলম এডিও** |
| সিদ্ধান্তঃ | বিআইএম ঢাকা, চট্রগ্রাম ও খুলনা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগন অফিস সজ্জিত রাখার বিষয়টি নিয়মিত তত্ত্বাবধান করবেন। | |
| আলোচ্য সূচী -১.১০ | বিষয়ঃ বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে আলোকসজ্জা | |
| আলোচনাঃ | জনাব নির্ঝর মজুমদার এমসি উপস্থাপন করেন যে গত ১৭ মার্চ ২০২০ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিআইএম ঢাকা,চট্রগ্রাম ও খুলনা কেন্দ্রে আলোকসজ্জা করা হয়েছে। | **জনাব মেহবুব হাসান কল্লোল এসএমসি** |
| সিদ্ধান্তঃ | পরবর্তীতে এ সংক্রান্ত সকল নির্দেশ যথাযথভাবে প্রতিপালন অব্যাহত রাখতে হবে। | |
| আলোচ্য সূচী -১.১১ | বিষয়ঃ পরিস্কার গ্রাম ও পরিচ্ছন্ন শহর কর্মসূচীর আওতায় পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহন | |
| আলোচনাঃ | জনাব নির্ঝর মজুমদার এমসি উপস্থাপন করেন যে গত মার্চ ২০২০ থেকে মার্চ ২০২১ পর্যন্ত বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিআইএম ঢাকা,চট্রগ্রাম ও খুলনা কেন্দ্রে পরিস্কার গ্রাম ও পরিচ্ছন্ন শহর কর্মসূচীর আওতায় পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহন করা হয়েছে। | **জনাব নির্ঝর মজুমদার এমসি** |
| সিদ্ধান্তঃ | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে আগামী মার্চ ২০২১ পর্যন্ত বিআইএম ঢাকা,চট্রগ্রাম ও খুলনা কেন্দ্রে পরিস্কার গ্রাম ও পরিচ্ছন্ন শহর কর্মসূচীর আওতায় বিশেষ পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা-১.১২ | **বিষয়ঃ বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে আর্ট ক্যাম্পেইন** | |
| | আলোচনাঃ | জনাব মোঃ রবিউল ইসলাম খান এমসি উল্লেখ করেন যে আগামী ডিসেম্বর ২০২০ মাসে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিআইএম ঢাকা কেন্দ্রে আর্ট ক্যাম্পেইন আয়োজন করার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং যথা সময়ে বাস্তবায়ন করা হবে। | **জনাব মোঃ রবিউল ইসলাম খান এমসি** |
| | সিদ্ধান্তঃ | আগামী ডিসেম্বর ২০২০ মাসে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিআইএম ঢাকা কেন্দ্রে আর্ট ক্যাম্পেইন আয়োজন করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | |
| ৪ | আলোচ্য সূচী-২ | **এপিএ ২০১৯-২০ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।** | |
| | আলোচনাঃ | বিআইএম-এর এপিএ ফোকাল পয়েন্ট জনাব মামুন মুজতবা এমসি, ২০১৯-২০ বছরে এপিএ বাস্তবায়নের সকল প্রমাণক আগামী ২ জুলাই ২০২০ এর মধ্যে জমা প্রদান করার অনুরোধ জানান। সভার সভাপতি সংশ্লিষ্ট সবাইকে আরো আন্তরিকতার সাথে এপিএ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন এবং ফোকাল পয়েন্টকে সংশ্লিষ্ট সবার সাথে আরো নিবিড়ভাবে যোগাযোগ করতে নির্দেশ প্রদান করেন। | **জনাব মামুন মুজতবা এমসি** |
| | সিদ্ধান্তঃ | বিআইএম-এর এপিএ ২০১৯-২০ বাস্তবায়নের প্রমানক সংশ্লিষ্ট সবাইকে আগামী ২ জুলাই ২০২০ এর মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রদান করতে হবে। | |
| ৫ | আলোচ্য সূচী-৩ | **ইনোভেশন কার্যক্রমের অর্ধ-বার্ষিকী অগ্রগতি পর্যালোচনা।** | |
| | আলোচনাঃ | বিআইএম-এর ইনোভেশন ফোকাল পয়েন্ট জনাব ফারখুন্দা ডরিন এসএমসি সভায় উল্লেখ করেন যে ,ইনোভেশন কার্যক্রমের অর্ধ-বার্ষিকী মূল্যায়ন সন্তোষজনক নয়।তিনি আরো উল্লেখ করেন যে, এ বিষয়ে ২০১৯-২০ অর্থ বছরে দুইটি প্রশিক্ষণ এর মধ্যে একটি আয়োজন করা হয়েছে এবংকরনা পরিস্থিতির কারনে আরেকটি প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয়নি।বার্ষিক ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে শর্টকোর্স ম্যানেজমেন্ট সিস্টেম পাইলটিং করা হয়েছে। | **জনাব ফারখুন্দা ডরিন এসএমসি** |
| | সিদ্ধান্তঃ | আগামী অর্থ বছরে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ যথাযথভাবে আয়োজন করতে হবে এবং এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে অফিস করা ও অনলাইনে কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/২০২০